দৈনিক বাংলা

তারিখ 16 MAY 1993
পৃষ্ঠা ২ কলাম ৫

7

# আলিয়া মাদ্রাসা হোস্টেল থেকে অস্ত্র উদ্ধার

স্টাফ রিপোর্টার : ঢাকা মহানগর পুলিশ শনিবার রাত ১১টায় ঢাকা আলিয়া মাদ্রাসা হোস্টেলে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় গুলিভর্তি একটি পাইপগান উদ্ধার করেছে। এছাড়া পুলিশ হোস্টেল থেকে চারটি বড় ড্যাগার, ছটি লোহার রড এবং প্রায় একশ লাঠি উদ্ধার করে। ডিবি ও ঢাকা মহানগর পুলিশ এই অভিযানে অংশগ্রহণ করে।